

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০  
[www.hindustrust.gov.bd](http://www.hindustrust.gov.bd)

নং- ১৬.০৫.০০০০.০০৫.২৫.৬২৯.১৮.১১২

তারিখ:

১৫.১১.১৪২৪ বঙ্গাব্দ

২৭.০২.২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনায় তীর্থভ্রমণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ১৬ এপ্রিল ২০১৮খ্রিঃ থেকে ২৩ এপ্রিল ২০১৮খ্রিঃ পর্যন্ত ৩০ জনের একটি তীর্থযাত্রীর দল সড়ক পথে শীতাতাপ নিয়ন্ত্রিত ভারতীয় টুরিস্ট বাসে ভারতের পশ্চিমবঙ্গ ও উড়িষ্যার উল্লেখযোগ্য তীর্থক্ষেত্র ও ধর্মীয় প্রতিষ্ঠান নিম্নোক্ত তীর্থভ্রমণ সূচি অনুযায়ী ভ্রমণযাত্রা সম্পন্ন করা হবে। আগ্রহী যাত্রীদেরকে আবশ্যিকভাবে আবেদন ফরম পূরণ করত ট্রাস্ট কার্যালয়ে জমা করতে হবে। হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েব সাইট [www.hindustrust.gov.bd](http://www.hindustrust.gov.bd) তে বহিঃবাংলাদেশ তীর্থযাত্রার আবেদন ফরম পাওয়া যাবে। তীর্থযাত্রার আবেদন ফরম জমার শেষ তারিখ: ১৫.০৩.২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ঘটিকা।

যোগাযোগ: (প্রয়োজনে)		
অধ্যক্ষ বিপুল বিহারী হালদার ট্রাস্টি ও সভাপতি তীর্থ ভ্রমণ উপ-কমিটি, হি,ক,ট্রা মোবাইল: ০১৭১২৬১৭৪৫৯	শ্রী রঞ্জিত কুমার দাস সচিব (সরকারের যুগ্মসচিব) হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট মোবাইল: ০১৭১৫৬১৪৭৮৭	শ্রী প্রশান্ত কুমার বিশ্বাস ফিল্ড অফিসার ও সদস্য সচিব তীর্থ ভ্রমণ উপ-কমিটি, হি,ক,ট্রা মোবাইল: ০১৭১৬৫০২১৫৯
তারিখ	ভ্রমণসূচি:	
১৬.০৪.১৮	বাস যোগে ঢাকা থেকে বেনাপোল হয়ে বনগাঁ যাত্রা। বনগাঁ রাত্রীযাপন।	
১৭.০৪.১৮	সকাল ৮.০০টায় যাত্রা। কালীঘাট, বিড়াল মন্দির, দক্ষিণেশ্বর কালী মন্দির, বেলুড় মঠ দেখে ভুবনেশ্বরের পথে যাত্রা এবং ভুবনেশ্বরে রাত্রী যাপন।	
১৮.০৪.১৮	ভুবনেশ্বরের বিভিন্ন মঠ/মন্দির দর্শন এবং ভুবনেশ্বরে রাত্রী যাপন।	
১৯.০৪.১৮	পুরীর উদ্দেশ্যে যাত্রা, বিভিন্ন মঠ/মন্দির দর্শন এবং পুরীতে রাত্রী যাপন।	
২০.০৪.১৮	পুরীর বিভিন্ন মঠ/মন্দির দর্শন এবং বিকেলে সমুদ্র সৈকতে ভ্রমণ শেষে পুরীতে রাত্রী যাপন।	
২১.০৪.১৮	দীঘার উদ্দেশ্যে যাত্রা, বিভিন্ন মঠ/মন্দির দর্শন এবং দীঘায় রাত্রী যাপন।	
২২.০৪.১৮	মায়াপুরের উদ্দেশ্যে যাত্রা, বিভিন্ন মঠ/মন্দির দর্শন এবং মায়াপুরে রাত্রী যাপন।	
২৩.০৪.১৮	বাস যোগে পশ্চিমবঙ্গ থেকে ঢাকা, বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা।	

বিশেষ দৃষ্টব্য:

- \* প্রত্যেক তীর্থযাত্রীকে আবেদনের সাথে পাসপোর্টের ফটোকপি জমা দিতে হবে।
- \* তীর্থযাত্রীদেরকে ১৬ অক্টোবর ২০১৮ পর্যন্ত মেয়াদযোগ্য পাসপোর্টধারী হতে হবে।
- \* অনিবার্য কারণে তীর্থ ভ্রমণসূচি পরিবর্তন হতে পারে।
- \* তীর্থযাত্রী প্রতি সম্ভাব্য ব্যয় ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা। তন্মধ্যে ৫০% অর্থ ট্রাস্ট তহবিল থেকে বহন করা হবে।
- \* তীর্থযাত্রী নির্বাচন করার চূড়ান্ত ক্ষমতা ট্রাস্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(রঞ্জিত কুমার দাস)

সচিব

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট  
মোবাইল: ০১৭১৫৬১৪৭৮৭

[hindustrustbd@gmail.com](mailto:hindustrustbd@gmail.com)